হস্তশিল্প রফতানির লক্ষে শিল্প সম্মেলন ডিসেম্বরে

নিজস্ব সংবাদদাতা, শিলিগুড়ি: হস্তশিল্পকে বিদেশের বাজারে রফতানির লক্ষ্যে ডিসেম্বরেই শিল্প সম্মেলন করতে চলেছে কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রিজ (সিআইআই)। গত বছরের নর্থ বেঙ্গ কনক্লেভ থেকে ১৭০১ কোটি টাকার বিনিয়োগ প্রস্তাব আসে। তার মধ্যে ৬০০ কোটি টাকার বিনিয়োগ প্রস্তাব ইতিমধ্যেই বাস্তবায়িত হয়েছে যা যথেষ্টই আশাব্যঞ্জক বলে মনে করছেন শিল্পকর্তারা। এবারের কনক্লেভে তাঁরা এই রফতানিতে জোর দিতে চাইছেন বলে জানিয়েছেন সিআইআই উত্তরবঙ্গ জোনের চেয়ারম্যান কমল কিশোর তেওয়ারি।

চলতি বছর নর্থ বেঙ্গল কনক্লেভের ষষ্ঠ বর্ষ। ডিসেম্বরের তৃতীয় সপ্তাহে বড়দিনের আগেই উত্তরবঙ্গের এই বৃহত্তম শিল্প সমাবেশ সেরে ফেলতে চাইছে সিআইআই। সিআইআই কর্তাদের মতে উত্তরবঙ্গে শিল্পে জোয়ার এসেছে। রাজ্য সরকার যেভাবে শিল্প মহলের পাশে দাঁড়িয়েছে তাতে বিনিয়োগের দরজা অনেকটাই খুলেছে। বিশেষ করে গজলডোবায় 'ভোরের আলো' প্রকল্প চালু হওয়ার পর পর্যটন সংক্রান্ত বিনিয়োগ আসা শুরু হয়েছে। নভেম্বরের প্রথমেই গলজডোবায় লগ্নি টানতে রাজ্যের উদ্যোগে শিলিগুড়িতে আরও একটি শিল্প সম্মেলন হওয়ার কথা রয়েছে। সেই সম্মেলন থেকেও বেশ কিছু বিনিয়োগের সম্ভাবনা রয়েছে বলে মনে করছে শিল্প মহল। ইতিমধ্যেই গজলডোবাতে হোটেল রিসর্ট গড়তে বিনিয়োগ হয়েছে। পর্যায়ক্রমে আরও কিছু বিনিয়োগ হতে চলেছে। শিল্প কর্তারা মনে করছেন, শুধু বিনিয়োগ করে দায়িত্ব পালন নয়। এখানকার চিরাচরিত উৎপাদিত পণ্য, শিল্প সামগ্রীকে বিদেশের বাজারজাত করাটাও তাঁদের লক্ষ্য। এক্ষেত্রে সিআইআই মেলবন্ধনের কাজ করতে পারে। তাই শিল্প মহলের দায়িত্ব কোচবিহারের শীতলপাটি, কালিম্পঙের হস্তশিল্প-অর্কিড, উত্তর দিনাজপুরের তুলাইপাঞ্জি চাল, মালদহের সিল্ক-আম রফতানির পথ সুগম করা। এবারের শিল্প সম্মেলনে বাংলাদেশ, নেপাল, ভুটান ও মায়ানমারের মতো দেশ যোগ দিতে চলেছে। এছাড়াও রফতানিকারক সংস্থাগুলিকেও সম্মেলনে আহ্বান জানানো হবে।

পূর্ব রেলের সদর দফতরে ভিজিল্যান্স ইন রেলওয়ে শীর্ষক সেমিনারে বক্তব্য রাখছেন পূর্ব রেলের অতিরিক্ত জেনারেল ম্যানেজার এস কে দাস। ওই সেমিনারে হাজির ছিলেন সিনিয়র ডেপুটি জেনারেল ম্যানেজার সঞ্জীব আগরওয়াল।

জঙ্গলমহলে ১০০০ কোটি লগ্নির প্রস্তাব

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া: বাঁকুড়া রবীন্দ্রভবনে অনুষ্ঠিত হল ৪টি জেলাকে নিয়ে শিল্প-সম্মেলনে। নাম দেওয়া হয়েছে সিনার্জি জঙ্গলমহল ২০১৮। এই শিল্প সম্মেলনে ৪টি জেলার শিল্পোদ্যোগীরা অংশগ্রহণ করেছিলেন। জেলাগুলি হল, বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রাম। সম্মেলনে ৪ জেলা থেকে প্রায় ৫০০ শিল্পোদ্যোগী অংশগ্রহণ করেন এবং তাঁরা প্রায় ১০০০ কোটি টাকা লগ্নির প্রস্তাব দিয়েছেন। সিনার্জি পশ্চিমবঙ্গ অনুষ্ঠানে বক্তব্য পেশ করে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, রাজ্যের জেলাগুলিকে নিয়ে জোন ভিত্তিক শিল্প-সম্মেলন করতে হবে। সেই নির্দেশ মতই জঙ্গলমহলের চারটি জেলাকে নিয়ে এই সিনার্জি জঙ্গলমহলের আয়োজন করা হয়েছে।

সেই উদ্যোগ সফলও হয়েছে। প্রায় ৫০০ শিল্পোদ্যোগী নানা ধরনের শিল্প গড়ার প্রস্তাব দিয়েছেন। অনুষ্ঠানে অতিরিক্ত মুখ্য সচিব, তিন জেলার জেলাশাসক উপস্থিত ছিলেন। এছাড়াও বিভিন্ন দফতরের সরকারি আধিকারিকরা ছিলেন। যেসব শিল্প গড়ার প্রস্তাব পাওয়া গেছে, তার মধ্যে আছে রাইস মিল, ফ্লাওয়ার মিল, পোলট্রি ফার্ম, ইঞ্জিনিয়ারিং অ্যাক্টিভিটিস, সিমেন্ট, মেডিক্যাল, গ্যাস ইত্যাদি।

ফের বড় চমক আনতে চলেছে জিও

মুম্বাই, ২৬ অক্টোবর: অনেক ভারতীয়ই প্রথম মোবাইল ফোনের সঙ্গে সঙ্গে তার মধ্যেই প্রথম রেডিও, প্রথম মিউজিক প্লেয়ার, প্রথম টিভি, প্রথম ক্যামেরা এবং প্রথম ইন্টারনেটের স্বাদ পেয়েছেন। এবার পালা মোবাইল ফোনের মধ্যে প্রথম আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স পরিষেবার। তাও প্রতি মাসে মাত্র ১০০ টাকায়।

এই ধরনের ফোন ধীরে ধীরে পুরো ভারতে ছড়িয়ে পড়বে। গত আট মাসেই পাঁচ কোটি গ্রামবাসী সুলভ স্মার্টফোন পেয়েছেন। ভারতের কোনায় কোনায় এই পরিষেবা পৌঁছে দিতে রিলায়েন্স বদ্ধপরিকর।

এমনটাই স্বপ্ন দেখাচ্ছেন রিলায়েন্স জিও-র কর্ণধার মুকেশ আম্বানি। ইন্ডিয়ান মোবাইল কংগ্রেসের অনুষ্ঠানে মুকেশ বলেন, "ভাবুন উচ্চাকাঙক্ষার এই বিস্ফোরণের যুগে একজনের কাছে 'ফাইভ-ইন-ওয়ান'-এর (রেডিও, মিউজিক প্লেয়ার, টিভি, ক্যামেরা, ইন্টারনেট) কতটা গুরুত্ব। এবার কল্পনা করুন যদি সিক্স-ইন-ওয়ান হয়ে যায় তাহলে সেটা পুরো ভারতকেই বদলে দেবে। ভারতীয়রা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের ক্ষমতা পাচ্ছেন নিজের হাতে। পুরোটাই প্রতি মাসে ১০০ টাকায়।"

২০২০ সালের মধ্যে দেশের সব ফোনে ফোর-জি সংযোগ চলে আসবে এবং ফাইভ-জি সংযোগের পথ প্রশস্ত হবে বলেও দাবি করেন রিলায়েন্স কর্তা।

আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স-এর মাধ্যমে স্মার্টফোনগুলিতে নানা রকম সুবিধা পাওয়া যায়। যেমন কোনও লেখার উপর ক্যামেরা ধরলেই আপনা-আপনি লেখাটি নিজের পছন্দের ভাষায় অনুবাদ হয়ে যায়। মোবাইলে তোলা ছবিগুলি থেকে মুখগুলিও নিজে থেকে চিনে নেয় ফোন। ফোনে নির্দেশ দিলেই অন ও অফ হয়ে যায় ঘরের ফ্রিজ, টিভি ও এসি।

এই প্রযুক্তি ব্যবহারে ফোনের কাজ করার ক্ষমতা বেড়ে যায় ৪০ থেকে ৭০ শতাংশ। 'জিও গিগা ফাইবার' যদিও মূলত ব্রডব্যান্ড পরিষেবা, কিন্তু এটি মোবাইল, ফিক্সড ব্রডব্যান্ড, মোবাইল, ফোর-জি, ফাইভ-জি, ওয়াই-ফাই সব পরিষেবা একসঙ্গেই দেবে বলে জানান মুকেশ।

ভারতে বাড়ছে ই-রিক্সার চাহিদা

নয়াদিল্লি, ২৬ অক্টোবর: চিনকে জোর টেক্কা ভারতের। দৈনন্দিন জীবনে দূষণমুক্ত ইলেক্ট্রিক যান ব্যবহারের ক্ষেত্রে চিনের থেকে অনেকটাই এগিয়ে গিয়েছে ভারত। তবে গাড়ি নয়, দেশের রাস্তা এখন ভরে গিয়েছে ই-রিক্সায়। বর্তমানে ব্যাটারি চালিত তিন চাকার -ই-রিক্সার সংখ্যা ভারতে ১৫ লাখ। ২০১১ সাল থেকে চিনে যে সংখ্যক ই-রিক্স বিক্রি হয়েছে, এই সংখ্যা তার থেকে বেশ খানিকটা এগিয়ে। সাধারণ রিক্সার থেকে ই-রিক্সা চালানো এবং রক্ষণাবেক্ষণের খরচ কম। সেই সঙ্গে পরিবেশ দূষণও হয় কম। এছাড়া যাতায়াতে কম সময় লাগায় সফরের সংখ্যাও বেড়ে যায়। বাড়ে আয়। ফলে খুশি রিক্সা চালকরাও। বর্তমানে প্রতি মাসে প্রায় ১১ হাজার নতুন ই-রিক্সা দেখা যাচ্ছে দেশের বিভিন্ন প্রান্তের রাস্তাঘাটে।

কনসালটিং ফার্ম এ.টি. কেরানি-র করা সমীক্ষণ অনুযায়ী ২০২১ সালের মধ্যে বর্তমানের তুলনায় ই-রিক্সায় বিক্রি বাড়বে অন্তত ৯ শতাংশ। ভারতে ই-রিক্সা বানায় মহিন্দ্রা অ্যান্ড মহিন্দ্রা লিমিটেড এবং কাইনেটিক ইঞ্জিনিয়ারিং লিমিটেড।

নয়া দিল্লির ই-রিক্সা অ্যাপ স্মার্ট ই-র চিফ এগজিকিউটিভ অফিসার এবং সহ প্রতিষ্ঠাতা গোল্ডি শ্রীবাস্তব জানিয়েছে, 'এক নতুন ভারতের দিকে এগিয়ে যাচ্ছি আমরা। ওয়ান্স ইন আ লাইফটাইম অপারচুনিটিও বলা যেতে পারে। এই ই-রিক্সা ভবিষ্যতের কথা ভেবেই তৈরি।'

এই নয়া ট্রেন্ডে পা মেলাতে প্রস্তুত অ্যাপ ক্যাব সংস্থা। ওলা ২০১৯ সালের এপ্রিল মাসের মধ্যে ১০ হাজার ই-রিক্সা সার্ভিস চালু করার ভাবনা রয়েছে সংস্থার।

Notice Inviting Tender

Notice Inviting Tender No. 03/ L.D. of 2018-19 of S.D.O./A.E, Lower Damodar Sub-Division No. I for 1 (One) No of work. Last date and time of receiving application 05/11/ 2018 upto 4:00 p.m. and all others details may be seen in the web site http:// www.wbiwd.gov.in/ and notice board of this office on all working days within office hours.

**Sd/-
Sub-Divisional Officer/
Assistant Engineer,
Lower Damodar Sub Division
No.-I, Mahisrekha, Howrah,
Irrigation & waterways
Directorate.**

ABRIDGED TENDER NOTICE
Tender Notice invited by the Assistant Engineer, Debagram Sub-Division, P.H.E. Dte.
N.I.T No-06/DSD/2018-19
(Vide memo No. 277/DSD. dt. 26.10.2018)

Sealed tenders are invited by the undersigned for the works related to school connections at different GPs of Kaliganj and Nakashipara Block at Nadia District, under Surface Water Based Water Supply Scheme (Northern Sector Part-I & II), under Debagram Sub Division P.H.E Dte.
Last date of application : 02.11.2018 upto 11:30 AM
All details regarding the work may be collected from the office of the undersigned and Departmenta l Website (www.wbphed.gov.in)

**Sd/-
Assistant Engineer,
Debagram Sub-Division,
P.H.Engineering.Dte.**

দিল্লি-লাদাখ রেলপথের উদ্যোগ নিতে চলেছে ভারতীয় রেল

নয়াদিল্লি, ২৬ অক্টোবর: একই দিনে রেলের জোড়া উদ্যোগের খবর মিলল। এবার যাত্রী পরিষেবায় দেশের সব থেকে দ্রুতগতিসম্পন্ন ইঞ্জিনের সূচনা ঘটাতে চলেছে রেল। পাশাপাশি বিশ্বের দীর্ঘতম রেলপথের মাধ্যমে দিল্লি থেকে লাদাখা পোঁছানোর অভিনব উদ্যোগ নিতে চলেছে ভারতীয় রেল। রেলওয়ে মন্ত্রকের তরফে বৃহস্পতিবার ট্যুইটে জানানো হয়েছে, ঘণ্টায় ২০০ কিলোমিটার গতিসম্পন্ন ওয়াপ-৫ লোকোর সূচনা ঘটাতে চলেছে রেল। চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস এই ইঞ্জিন বানাচ্ছে। ইঞ্জিনে 'অ্যারোডায়নামিক এবং আর্গোনোমিক ডিজাইন' ব্যবহার করা হয়েছে। রাজধানী এক্সপ্রেস, গতিমান এক্সপ্রেস এবং শতাব্দী এক্সপ্রেসের মতো ট্রেনে এই ইঞ্জিন ব্যবহার করা হবে। এছাড়া খুব শীঘ্রই দেশের সর্বপ্রথম ইঞ্জিনবিহীন ট্রেনের সূচনা করাহবে বলে রেল সূত্রে জানা গিয়েছে। অন্যদিকে রেলপথে লাদাখের সঙ্গে রাজধানী নয়াদিল্লির সরাসরি সংযোগ স্থাপনের উদ্যোগ নিল ভারতীয় রেল। আর সেই রেলপথই হবে বিশ্বের উচ্চতম রেলপথ। ভারত-চিন সীমান্তঘেঁষা সেই রেলপথের মাধ্যমে বিলাসপুর-মানালি-লেহ হয়ে মাত্র ২০ ঘণ্টাতেই দিল্লি থেকে লাদাখ পোঁছানো যাবে। সূত্রের খবর, রুট ম্যাপ পরিদর্শনের প্রথম দফার কাজ সারা হয়ে গিয়েছে। পর্যটন ব্যবসার উন্নতি ঘটাতেই ভারতীয় রেলের তরফে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। লাদাখ, হিমাচল রুটের সড়কপথ অনেক সময়েই তুষারধসে বন্ধ হয়ে যায়। সেক্ষেত্রে পর্যটকদের প্রবল সমস্যার মধ্যে পড়তে হয়। সেই সমস্যার অবসান ঘটাতেই এবার রেলপথে লাদাখ পৌঁছনোর অভিনব উদ্যোগ নিতে চলেছে রেল।

৭৬৬০ মিলিয়ন বিক্রয় বৃদ্ধি এসকেএফ ইন্ডিয়ার

স্টাফ রিপোর্টার: ২০১৮-১৯ অর্থবর্ষের দ্বিতীয় কোয়ার্টারে ৭৬৬০ মিলিয়ন টাকা বৃদ্ধি করল এসকেএফ ইন্ডিয়া। সংস্থার বোর্ড অফ ডিরেক্টর জানান, টেকনোলজি এবং সলিউশনের ক্ষেত্রে ব্যবসা বেড়েছে। এছাড়াও বেয়ারিং, সেল্স লুব্রিকেশন সিস্টেমে আয় বেড়েছে বলে শুক্রবার ঘোষণা করে সংস্থা। সংস্থার ম্যানেজিং ডিরেক্টর মণীশ ভাটনগর জানান, আমরা ধারাবাহিকভাবে ব্যবসা বাড়াতে তৎপর। বিভিন্ন ব্যবসায় নতুন নীতি নেওয়ায় আয় বেড়েছে সংস্থার। কোম্পানি আইন ২০১৩ এবং সেবির নির্দেশ মেনে এই ব্যবসা চালু হয়েছে।

সুপ্রিম কোর্টের নির্দেশ সত্ত্বেও আধার চাইছে টেলি সংস্থাগুলি

স্টাফ রিপোর্টার: কোনও বেসরকারি কোম্পানি আধার কার্ডের তথ্য চাইতে পারবে না। এই রায় দিয়েছিল দেশের সর্বোচ্চ আদালত। কিন্তু সেই নির্দেশকে কার্যত বুড়ো আঙুল দেখিয়ে টেলি সংস্থাগুলি সিম বিক্রির সময় আধার কার্ড নিচ্ছে ই-কেওয়াইসির জন্য।

এ ব্যাপারে টেলি আধিকারিকদের সঙ্গে যোগাযোগ করা হলে তারা জানিয়েছেন রাজ্য সরকারের কাছ থেকে এখনও পর্যন্ত তারা এ ব্যাপারে কোনও তথ্য পাননি।

মোবাইলের সিম ইস্যু করার ক্ষেত্রে এখনও আধার ভিত্তিক ই-কেওয়াইসি চালু রেখেছে বিভিন্ন টেলি সংস্থাগুলি। পেপার ঝঞ্ঝাট এড়িয়ে চলার জন্য এটি একটি ভাল রাস্তা বলে জানিয়েছেন টেলি সংস্থার এগজিকিউটিভরা।

স্পেশাল অফার ইন্ডিগোর

নয়াদিল্লি, ২৬ অক্টোবর: দিওয়ালি স্পেশাল অফার নিয়ে এল বিমান সংস্থা ইন্ডিগো। ১০ লক্ষ সিটে রয়েছে এই দিওয়ালি সেল অফার। যেখানে শুরুই হচ্ছে মাত্র ৮৯৯ টাকা থেকে। ডোমেস্টিক ট্রাভেলে এই টাকা দিয়েই শুরু হচ্ছে অফারটি। পাশাপাশি আন্তর্জাতিক ক্ষেত্রে এই অফারে সব থেকে কম দামের সিট রয়েছে ৩,৯৯৯ টাকার। তবে এই অফার অক্টোবরের ২৬ তারিখ পর্যন্তই থাকবে। বিমান সংস্থার ওয়েবসাইটে এই বিষয়ে বিস্তারিত তথ্য দেওয়া রয়েছে।

অতিরিক্ত বুকিং কাউন্টার সাঁতরাগাছিতে

স্টাফ রিপোর্টার: অতিরিক্ত ভিড় সামাল দেবার জন্য সাঁতরাগাছিতে স্টেশনের কোণা এক্সপ্রেস ওয়ের দিকে একটি বুকিং কাউন্টার বৃহস্পতিবার থেকে চালু করা হয়েছে। একইসঙ্গে অতিরিক্ত আরপিএফ নিয়োগ করা হয়েছে।

কেলোস ও নাইট ফ্রাঙ্কের মধ্যে নতুন চুক্তি

স্টাফ রিপোর্টার: নির্মাণকার্য এবং সুস্থ ও সুন্দর পরিবেশে বাড়ি তৈরি, বিক্রির উদ্দেশে নতুন চুক্তি সম্পাদিত হল নাইট ফ্রাঙ্ক ইন্ডিয়া ও ডেলোস সংস্থার মধ্যে। চুক্তিপত্র বিনিময় হয় ডেলোসের সিইও ফাউন্ডার পল সিল্লা এবং নাইট ফ্রাঙ্ক ইন্ডিয়ার ম্যানেজিং ডিরেক্টর, চেয়ারম্যান শিশির বৈজল-এর মধ্যে। উভয় সংস্থার অর্থনৈতিক বৃদ্ধি এবং ব্যবসায় অগ্রগতির উদ্দেশে এই মোট চুক্তি। আধুনিক টেকনোলজির সমন্বয় ঘটবে এই চুক্তি অনুযায়ী। প্রোপার্টি কনসালটেন্সি এক্সপার্টরা এতে অংশ গ্রহণ করবেন যাতে গ্রাহকরা উপকৃত হন।

GOVT. OF WEST BENGAL
E-QUATATION NOTICE

Name of work:- "Emergent Errection on hire basis pandel view cutter watch tower police shed bio-toilet etc. in connection of arrival of Hon'ble C.M. Govt. of West Bengal on 29.10.2018 & 30.10.2018 at Tiabon/Lilabari, Jalpaiguri" Short NIQ No.–05 of EE, PWD. Jalpaiguri Division, Jalpaiguri. Last Date of submission :- 27.10.2018 at 14.00 hrs. Opening date:- 27.10.2018 at 15.00 hrs.
N.B.:- Corregendum if any will be published in departmental website only. for detail plz see – **https:wbtenders.gov.in**

**SD/-
Executive Engineer, PWD
Jalpaiguri Division
Jalpaiguri**

NOTICE INVITING OPEN QUOTATION
N.I.Q. NO. 13/Q/EE/NBITD

Executive Engineer, North Bengal IT Division. P.W.Dte., Siliguri on behalf of the Governor of West Bengal, invites open Quotation for the work. **"Temporary SITC of CCTV and Wi-Fi network at Tilabari Tourist Lodge, Mal and others site in the district Jalpaiguri During the visit of Hon'ble Chief Minister, W.B. from 30/10/ 2018 to 01/11/2018"** Last date of dropping of Quotation up to 2.00 p.m. on 29/10/2018 and opened shortly thereafter; further details may be seen on the departmental website- http://www.pwdwb.in as well as in the above-mentioned office during working hours.

**Sd/-
Executive Engineer
North Bengal IT Division
P. W. Dte.**

SFDC Ltd invites tenders for various works under different Projects of SFDC:
1. MANUAL TENDER: NIT No: Dev-432/2018-19/Part-B/T-50 to T-53 of 2018-19/1546, Dated: 12.10.2018. Tender paper will be issued from this office on **31.10.2018 upto 2:00 PM**. Filled tender documents along with EMD & other documents will be received on **02.11.2018 upto 1:30 PM** and will be opened at **2:30 PM** of the same day.
2. MANUAL TENDER: NIT No: Dev-432/2018-19/Part-B/T-54 to T-62 of 2018-19/1544, Dated: 12.10.2018. Tender paper will be issued from this office on **31.10.2018 upto 2:00 PM**. Filled tender documents along with EMD & other documents will be received on **02.11.2018 upto 1:30 PM** and will be opened at **2:30 PM** of the same day. For details please visit **www.wbsfdc.com** or contact our help desk: "BIKASH BHAWAN", 1st Floor, North Block, Bidhan Nagar, Kolkata-700091. Phone No.: 033-2358-3123.

বদলে ফেলা হচ্ছে দমদম মেট্রো স্টেশনের দক্ষিণ দিকের সব গেট

স্টাফ রিপোর্টার: বদলে ফেলা হচ্ছে দমদম স্টেশনের দক্ষিণ দিকের এসকালেটর। সেই কারণেই বন্ধ করে দেওয়া হয়েছে দমদম মেট্রো স্টেশনের দক্ষিণ দিকের সব গেট। শুক্রবার থেকে রবিবার পর্যন্ত কাজ চলবে। এই তিনদিন বন্ধ রাখা হবে দক্ষিণ দিকের গেট ও কাউন্টারগুলি। শুক্রবার এই পরিস্থিতিতে চরম অসুবিধার মধ্যে পড়তে হয় নিত্যযাত্রীদের। পুজোর পর সবে খুলেছে সরকারি অফিস। কর্মস্থলে যেতে গিয়ে নাজেহাল হতে হয়েছে যাত্রীদের। অন্তত যাঁরা দমদম থেকে মেট্রো ধরেন। যদিও স্টেশনের অন্যদিকের গেটগুলি খোলা ছিল। তিনটি বাড়তি কাউন্টার খুলে যাত্রীদের অত্যধিক ভিড় সামাল দেওয়ার চেষ্টা করা হয়েছে।

যাত্রীদের স্বার্থে এই কাজ জরুরি বলে মনে করেছে মেট্রো কর্তৃপক্ষ। শুক্রবার কাজের দিন, শনি অর্ধদিবস ও রবি ছুটির দিন। তাই এই সময়টাকেই বেছে নিয়েছে তারা। মেট্রো কর্তৃপক্ষ জানিয়েছে, দমদম স্টেশনের দক্ষিণ দিকের এসকালেটরটি সাত মাস ধরে খারাপ হয়ে রয়েছে। এছাড়া তা পুরনো হওয়ায় সম্পূর্ণ বদলে ফেলার পরিকল্পনা নেওয়া হয়েছে। তাই বন্ধ রাখা হচ্ছে দক্ষিণ দিকের গেটগুলি। এদিকে, মেট্রো কর্তৃপক্ষ জানিয়েছে নভেম্বরেই স্মার্ট কার্ড রিচার্জ করা যাবে অনলাইনে।